

## বাগেরহাট সরকারি পিসি কলেজ প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে বাধা দেয়ায় ছাত্রশিবির নেতা আটক লাঠিচার্জে আহত ৭

|| বাগেরহাট সংবাদদাতা ||

বাগেরহাট সরকারি পিসি কলেজের ১০তম প্রতিষ্ঠাবার্ষিকীতে গুর্ভকাল শনিবার আয়োজিত কর্মসূচিতে বাধা দেয়ার অভিযোগে জেলা ছাত্রশিবির সেক্রেটারি ও হিসাব বিভাগ বিভাগের অনার্স চতুর্থ বর্ষের ছাত্র মঞ্জুরুল হক রাহাতকে পুলিশ আটক করেছে। এ সময়ে পুলিশের লাঠিচার্জে অন্তত সাত ছাত্র আহত হয়েছে। সকালে অনুষ্ঠানে ছাত্রশিবির কর্মীরা বাধা দিতে গেলে এ ঘটনা ঘটে। লাঠিচার্জে আহত পাঁচজন হচ্ছে আরমান, শান্ত, নাদিম ইসলাম, সাইদুর রহমান ও নাইদ। এরা ছাত্রশিবির ও ছাত্রদের কর্মী-সমর্থক। এ রিপোর্ট লেখা পরে আটক ছাত্রকে ছেড়ে দেয়ার বিষয়ে ছাত্রদের সাথে কলেজ কর্তৃপক্ষের বৈঠক চলাছিলো।

কলেজের অধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ হোসেন জানান, আটক মঞ্জুরুল হক রাহাত নির্ধারিত কর্মসূচি শুরু আগে সাধারণ ছাত্র-ছাত্রীদের উদ্দেশে শোভাযাত্রায় যোগ না দিতে

উদ্বাহিত করা হওয়া প্রদান করছিল। বরং দেখা হলে পুলিশ রাহাতকে আটক করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পরে পুলিশ প্রহরায় ছাত্র-ছাত্রীর প্রতিষ্ঠাবার্ষিকীর শোভাযাত্রা বের করে।

পিসি কলেজ দ্বারা ছাত্রশিবির সভাপতি হুমায়ুন কবীর ও সেক্রেটারি তাজমুল হোসেন অভিযোগ করেন, ক্যাম্পাসে কোন কর্মসূচি গ্রহণের আগে কলেজ কর্তৃপক্ষ ছাত্রদের সাথে আলোচনা করতো। কিন্তু এদের কোন আলোচনা ছড়াই কলেজ (১৫শ পৃঃ ৮-এর কঃ প্রঃ)

### বাগেরহাট সরকারি পিসি

(১৬শ পৃঃ পর)

কর্তৃপক্ষ প্রতিষ্ঠাবার্ষিকীর কর্মসূচি গ্রহণ করে। অধ্যক্ষ ছাত্র-ছাত্রীদের শোভাযাত্রায় যোগ দিতে বললে রাহাত ও কলেজ ছাত্রদের আহবানকারী সাক্বাদ হুসাইন কুতি শিকারী সবের্ধনা ও নবীনবরণ অনুষ্ঠানের দাবি তোলে এবং শিকারীদের শোভাযাত্রায় না যাওয়ার আহবান জানায়। এ সময় অধ্যক্ষ তাদের নেতাকে পুলিশে ধরিয়ে দেয় এবং ছাত্র-ছাত্রীদের পুলিশ দিয়ে নির্ধারিত করে। সদর থানার এসআই মোফাজ্জল হোসেন লাঠিচার্জে অভিযোগ অধীকার করে বলেন, পুলিশ শুল্লা ভঙ্গের অভিযোগে ও কলেজ কর্তৃপক্ষের নির্দেশে এক ছাত্রকে আটক করেছে।

১৯১৮ সালে বিশিষ্ট বিজ্ঞানী ও সমাজসেবক আচার্য প্রফুল্লচন্দ্র রায়ের নামে কলেজটি প্রতিষ্ঠা করা হয়। শনিবার শিকা প্রতিষ্ঠানটি পৌরবের ৯০ বছর অতিক্রম করে।